## "সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ এবং সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয় বর্ধক কর্মসংস্হান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন কর্মসূচী" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় পরিচালিত ঘূর্ণায়মান ক্ষুদ্র ঋণ তহবিলের ব্যবহার নির্দেশিকা।

### ঋণ গ্রহণের যোগ্যতা

"সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ এবং সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয় বর্ধক কর্মসংস্হান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন কর্মসূচী" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ প্রাপ্ত সমবায়ীগণ এ ঋণ গ্রহণের জন্য যোগ্য হবেন। কোন জেলায় এ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত উপযুক্ত বা আগ্রহী কোন সমবায়ী পাওয়া না গেলে, নিবন্ধকের অনুমোদন সাপেক্ষে অন্য জেলার প্রশিক্ষণ প্রাপ্ত উপযুক্ত কোন সমবায়ীদেরকে এ ঋণ প্রদান করা যেতে পারে।

### ঋণের আবেদন ও ঋণ মঞ্জুর

(১) সমবায় অধিদপ্তর কর্তৃক নির্ধারিত আবেদনপত্রে জেলা সমবায় অফিসার বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে আগ্রহী সমবায়ীর প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি ও ছবি সংযুক্ত করতে হবে। ঋণ প্রাপ্তির আবেদন সমিতির ব্যবস্হাপনা কমিটির সুপারিশসহ উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসারের বরাবরে প্রেরণ করতে হবে। জেলা সমবায় অফিসার আবেদনকারীর যোগ্যতা ও প্রাপ্যতা বিবেচনা সাপেক্ষে মঞ্জুরী আদেশ প্রদান করবেন।

(২) প্রশিক্ষণ প্রাপ্ত সমবায়ীর প্রশিক্ষণলব্ধ জ্ঞানের উত্তম ব্যবহার নিশ্চিত কল্পে এ ঋণ মঞ্জুর করতে হবে। ঋণের সঠিক ব্যবহার হচ্ছে কিনা, তা জেলা সমবায় অফিসার অথবা তার মনোনীত কর্মকর্তা পরিবীক্ষণ করবেন।

(৩) ঋণের আবেদন প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে বিষয়টি নিস্পত্তি করতে হবে।

(৪) ঋণের পরিমাণ সদস্য প্রতি ১৫,০০০/- (পনের হাজার) টাকার বেশী হবে না।

(৫) ঋণ মঞ্জুরের পর ঋণ গ্রহীতা চুক্তি স্বাক্ষর করে ঋণ গ্রহণ করবেন।

### ঋণ পরিশোধ

(১) গৃহীত ঋণের উপর বার্ষিক ১০% হারে সার্ভিস চার্জ আদায় করা হবে। ঋণ মঞ্জুরীর সময় ঋণের আসল ও সার্ভিস চার্জসহ প্রতি কিস্তিতে পরিশোধের টাকার পরিমাণ নির্ধারণ করে দেয়া হবে। গৃহীত ঋণ ১২-২৪ কিস্তিতে আদায় করা হবে।

(২) ঋণ মঞ্জুরীর তিন মাস পর হতে কিস্তি আদায় শুরু করা হবে।

(৩) সংশ্লিষ্ট সমিতির ব্যবস্হাপনা কমিটি ঋণের গ্যারান্টর হবে।

D:\Arfan\Micro Credit.doc-3

মোঃ আসাদুজ্জামান
নিবন্ধক (পরিঃ ও উন্নঃ)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

(মোঃ জাহাঙ্গীর হোসেন)
অতিরিক্ত নিবন্ধক
সমবায় অধিদপ্তর
ঢাকা বাংলাদেশ।

(৪) আদায়কৃত ১০% সার্ভিস চার্জের মধ্যে ৩% সমিতির নিজস্ব তহবিল, ২% আদায়কারীর ইনসেনটিভ এবং ৫% মূল তহবিলের সাথে এ সংক্রান্ত ব্যাংক হিসাবে জমা থাকবে।

(৫) জেলা সমবায় অফিসার ঋণের আসল ও সার্ভিস চার্জসহ আদায়কৃত অর্থের হিসাব বিবরণী সমবায় অধিদপ্তরের ঋণ শাখায় ২ মাস পর পর প্রেরণ নিশ্চিত করবেন।

(৬) বিতরণকৃত ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট সমিতির ব্যবস্থাপনা কমিটি ও জেলা সমবায় অফিসার দায়ী থাকবেন।

([illegible] নেছা)
সহকারী নিবন্ধক,
সমবায় অধিদপ্তর, ঢাকা।

সুব্রত ভৌমিক
ডেপুটি রেজিষ্ট্রার
সমবায় অধিদপ্তর, সদর কার্যালয়
ঢাকা, বাংলাদেশ।

মোঃ আসাদুজ্জামান
যুগ্ম-নিবন্ধক (পরিঃ ও উন্নঃ)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

(মোঃ জাহাঙ্গীর হোসেন)
অতিরিক্ত নিবন্ধক (ই.পি.পি)
সমবায় অধিদপ্তর
ঢাকা বাংলাদেশ।

সুরাইয়া বেগম, এনডিসি
(অতিরিক্ত সচিব)
নিবন্ধক
সমবায় অধিদপ্তর
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও
সমবায় মন্ত্রণালয়।

**"সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ এবং সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন কর্মসূচী" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় ক্ষুদ্রঋণ গ্রহণের**

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

# আবেদন ছক

১. আবেদনকারীর নাম : ................................ ................

২. আবেদনকারীর পিতার নাম : ................................ ................

৩. আবেদনকারীর মাতার নাম : ................................ ................

৪. আবেদনকারীর স্বামীর নাম (মহিলাদের ক্ষেত্রে) : ................................ ................

৫. বর্তমান ঠিকানা : ................................ ................
................................ ................

৬. স্হায়ী ঠিকানা : ................................ ................
................................ ................

৭. আবেদনকারীর বয়স : ................................ ................

৮. আবেদনকারীর পেশা : ................................ ................

৯. বর্তমানে মাসিক আয় : ................................ ................

১০. সমিতির নাম ও ঠিকানা : ................................ ................

১১. সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ ও সদস্য নং : ................................................

১২. সমিতিতে জমাকৃত শেয়ার ও সঞ্চয় এর পরিমান : ................................................

১৩. প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য (প্রশিক্ষণ সার্টিফিকেটের ফটোকপি সংযুক্ত করতে হবে) : ক. ট্রেডের নাম : ................................
খ. প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম ....................
গ. সময়কাল . ................................

১৪. যে কাজের জন্য ঋণ ব্যবহার করা হবে তার বিবরণ : ................................ ..................

১৫. চাহিত ঋণের পরিমাণ : অংকে ..................... ......................
কথায় ..................... ......................

আবেদনকারীর স্বাক্ষর

১৬. সমিতির ব্যবস্হাপনা কমিটির সুপারিশ ঃ

জনাব/বেগম .......................... .................. কে ...................... .......... টাকা প্রদানের সুপারিশ করা হ'ল। সমিতি কর্তৃক উক্ত ঋণ আদায় করা হবে এবং তিনি ঋণ পরিশোধে ব্যর্থ হলে সমিতির ব্যবস্হাপনা কমিটি ঋণ পরিশোধে বাধ্য থাকিবে।

| | |
|---|---|
| .................. | ...................... |
| সম্পাদক | সভাপতি |

১৭. উপজেলা/থানা সমবায় কর্মকর্তার মন্তব্য ও সুপারিশ ঃ

**জেলা সমবায় কার্যালয় কর্তৃক পূরণ যোগ্য ঃ**

| | |
|---|---|
| ক) কমিটি কর্তৃক সুপারিশকৃত ঋণের পরিমান | ঃ অংকে ........................................ |
| | কথায় ........................................ |
| খ) অনুমোদিত ঋণের পরিমাণ | ঃ অংকে ........................................ |
| | কথায় ........................................ |

(বিঃ দ্রঃ আবেদনপত্রটি বিনা মূল্যে বিতরণযোগ্য এবং ফটোকপি গ্রহণযোগ্য)